গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর মহাপরিচালক

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়- এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

উপক্রমনিকা ........ ৪

সেকশন-১ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন-২ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) ........ ৬

সেকশন-৩ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭-৮

সংযোজনী-১ঃ শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১০

সংযোজনী-২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পদ্ধতি-এর বিবরণ ........ ১১-১৩

সংযোজনী-৩ ঃ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থার নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ ........ ১৪

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Bangladesh Rural Development Board-BRDB)

**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) 'র গত ০৩ বছরের অর্জিত সাফল্য নিম্নরূপঃ**

পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে নিয়োজিত সরকারের সর্ববৃহৎ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মূল লক্ষ্য হচ্ছে গ্রাম উন্নয়নের মাধ্যমে আত্মনির্ভরশীল, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সুখি সমৃদ্ধ বাংলাদেশ গঠন তথা পল্লীর জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিতকরণ। এ লক্ষ্যে বিআরডিবি পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনমূলক মূল কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন কর্মসূচি ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। বিআরডিবি'র চলমান কর্মপ্রয়াসের অংশ হিসেবে গত তিন বছরের প্রতি বছর গড়ে ৩.২৬ হাজার মানব সংগঠন সৃষ্টির মাধ্যমে পল্লীর জনগনকে উন্নয়নের জন্য সংগঠিত করা, ১.০১ লক্ষ নতুন সুফলভোগীর অন্তর্ভুক্তি, উপকারভোগীদের ২৪.৭৭ কোটি টাকা মূলধন গঠন, ১.০২ লক্ষ সুফলভোগীকে বিভিন্ন উৎপাদনমূখী ও আয়বর্ধনমূলক কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদান, মূলধন সহায়তা হিসেবে ৮৮২.৩৫ কোটি টাকা ঋণ বিতরণ, আদায়যোগ্য ঋণ হতে ৮৩০.৩৯ কোটি টাকা ঋণ আদায় করা হয়েছে। এতদসঙ্গে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প" খুলনা ও বরিশাল বিভাগে এবং "Initiaive for Development, Empowerment, Awereness and Livelihood Project, Kurigram" কুড়িগ্রাম জেলায় বাস্তবায়িত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির আলোকে প্রণীত গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্প'র ডিপিপি অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া "পিআরডিপি-২" প্রকল্পের আওতায় ১৫৮৯টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ, কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ যন্ত্রগুলো সচল রাখার জন্য "সেচ সম্প্রসারণ কর্মসূচি" বাস্তবায়নসহ মোট ৬টি বার্ষিক কর্মসূচিভূক্ত প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

অপর্যাপ্ত ঋণ তহবিল, সুদের হার, ঋণের স্বল্প সিলিং, কিস্তি পরিশোধের শর্ত ও বাধ্যবাধকতা, প্রচলিত ও গতানুগতিক সমবায় ভিত্তিক ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা ও অপ্রতুল প্রশিক্ষণ তহবিলের কারণে সমবায়ভিত্তিক ক্ষুদ্রঋণ কাঙ্খিত লক্ষ্য অর্জন করতে পারছে না। প্রচলিত ঋণ ব্যবস্থাপনাকে যুগোপযোগী ও আধুনিকিকরণের পাশাপাশি প্রশিক্ষণ, প্রশিক্ষণোত্তর সহায়তা, প্রযুক্তিগত সহযোগিতা প্রদান, কার্যক্রম পরিবীক্ষণ, বিপনন সংযোগ ব্যবস্থাপনাসহ পল্লীর সামগ্রিক উন্নয়ন নিশ্চিতকল্পে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা অপরিহার্য। এ লক্ষ্যে প্রয়োজনীয় আর্থিক সহায়তা নিশ্চিত করা এবং কেন্দ্রীয় ও তৃনমূল পর্যায়ে পল্লী উন্নয়ন সংক্রান্ত সামগ্রিক কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়ন করা প্রয়োজন।

**ভবিষ্যত কর্মপরিকল্পনাঃ**

চলমান কার্যক্রম আরো সুসংহতভাবে বাস্তবায়নের মাধ্যমে পল্লী অঞ্চলের মানব সম্পদ উন্নয়ন, উৎপাদন বৃদ্ধি, পল্লীর সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখা অন্যতম। সামগ্রিক পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সমন্বিত উদ্যোগের মাধ্যমে পল্লী মানব সংগঠন সৃষ্টি, প্রশিক্ষণ প্রদান, পুঁজি গঠন, ঋণ বিতরণ, ঋণ আদায় ইত্যাদি লক্ষ্যমাত্রা অর্জনে বিআরডিবি সচেষ্ট থাকবে।

**২০১৫-২০১৬ অর্থবছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ২৬৫০ টি পল্লী মানব সংগঠন সৃষ্টি করা হবে;
- ২৩৫৬৮০ জনকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে;
- পুঁজি গঠন করা হবে ২৪.০০ কোটি টাকা;
- উপকারভোগীদের মাঝে ঋণ বিতরণ করা হবে ৯৮০.০০ কোটি টাকা এবং
- আদায়যোগ্য ঋণের ৯৫০.০০ কোটি টাকা আদায় করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর মহাপরিচালক

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়- এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন-১

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

গ্রাম উন্নয়নের মাধ্যমে আত্মনির্ভরশীল, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সুখি সমৃদ্ধ বাংলাদেশ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

পল্লীর জনগোষ্ঠীকে সংগঠিত করে মানব ও বস্তুগত সম্পদের সর্বাধিক ব্যবহার, কৃষি ও অকৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও মূলধন সহায়তা প্রদানসহ পল্লীর জীবনমান উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে সামগ্রিক পল্লী উন্নয়ন নিশ্চিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ বিআরডিবি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. উন্নয়নের জন্য পল্লীর জনগণকে সংগঠিত করা

২. পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়ন

৩. মানব সম্পদ উন্নয়ন

৪. পল্লী উন্নয়নে নীতি কাঠামো শক্তিশালীকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;

২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন;

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions)

১. আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক মানব সংগঠন সৃষ্টি;

২. মানবিক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ;

৩. উপকারভোগীদের মূলধন সৃষ্টি ও এর ব্যবস্থাপনা;

৪. কৃষি ঋণ, ক্ষুদ্রঋণ বিতরণ ও এর ব্যবস্থাপনা;

৫. বিভিন্ন অংশীজনদের (Stakeholder) মাঝে পল্লী উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধন;

৬. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।

<u>সেকশন ২</u>

**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)**

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সুচক | একক | ২০১৩-১৪ | ভিত্তি বছর ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৫ | | |
| পল্লী দারিদ্রের হার হ্রাস | পল্লী দারিদ্রের শতকরা হার হ্রাস | শতকরা হার (%) | | TBD | TBD | TBD | TBD | | |
| পল্লী মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষনের মাধ্যমে দক্ষতা উন্নয়নকৃত উপকারভোগী | লক্ষ | | ১.৫৫ | ২.৩৫ | ১.৫৫ | ১.৩০ | | |
| আত্মকর্মসংস্থান সৃজনের মাধ্যমে সাবলম্বীকরন | আত্মকর্মসংস্থান সৃজিত উপকারভোগী | লক্ষ | | ১.৯৪ | ১.৯৮ | ২.০০ | ২.০৩ | | |

*সাময়িক (Provisional) তথ্য

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক মান ২০১৫-১৬ (Target/Criteria value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন (Projection) | প্রক্ষেপন (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিআরডিবি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. উন্নয়নের জন্য পল্লীর জনগণকে সংগঠিত করা | ২০ | ১.১ সমবায় সমিতি এবং অনানুষ্ঠানিক দলের মাধ্যমে জনগণকে সংগঠিত করা | ১.১.১ সমবায় সমিতির সংখ্যা | হাজার | ১০ | ১.১১ | ০.৮৩ | ০.৮৫ | ০.৭৭ | ০.৬৮ | ০.৬০ | ০.৫১ | ০.৮৭ | ০.৯০ |
| | | | ১.১.২ অনানুষ্ঠানিক দলের সংখ্যা | হাজার | ১০ | ৩.৬২ | ১.৯৯ | ১.৮০ | ১.৬২ | ১.৪৪ | ১.২৬ | ১.০৮ | ১.৮০ | ১.৮৫ |
| ২. পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়ন | ৪০ | ২.১ সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের অতিরিক্ত কর্মসংস্থান সৃজন | ২.১.১ আত্নকর্মসংস্থান সৃজিত উপকারভোগীর সংখ্যা | লক্ষ | ৯ | ১.৭৫ | ১.৯৪ | ১.৯৮ | ১.৭৮ | ১.৫৮ | ১.৩৯ | ১.১৯ | ২.০০ | ২.০৩ |
| | | | ২.১.২ বিতরণকৃত ঋণের পরিমান | কোটি | ১০ | ৮৮৪.৫৮ | ৯৪৭.৪৩ | ৯৮০.০০ | ৮৮২.০০ | ৭৮৪.০০ | ৬৮৬.০০ | ৫৮৮.০০ | ৯৯০.০০ | ১০০০.০০ |
| | | | ২.১.৩ আদায়কৃত ঋণের পরিমান | কোটি | ৬ | ৮১৬.৮০ | ৮৮৪.৭২ | ৯৫০.০০ | ৮৫৫.০০ | ৭৬০.০০ | ৬৬৫.০০ | ৫৭০.০০ | ৯৬০.০০ | ৯৭০.০০ |
| | | ২.২ পল্লীর মহিলাদের আয়বর্ধনমূলক কর্মসূচি | ২.২.১ আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত মহিলাদের সংখ্যা | লক্ষ | ৭ | ২.০৩ | ২.২৫ | ২.৪২ | ২.১৮ | ১.৯৪ | ১.৬৯ | ১.৪৫ | ২.৪৯ | ২.৫২ |
| | | ২.৩ সমবায়ী সদস্যদের জন্য মূলধন গঠন | ২.৩.১ ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মুলধনের পরিমান | কোটি | ৮ | ২৫.১৩ | ২০.৭৮ | ২৪.০০ | ২১.৬০ | ১৯.২০ | ১৬.৮০ | ১৪.৪০ | ২৬.০০ | ২৮.০০ |
| ৩. মানব সম্পদ উন্নয়ন | ২২ | ৩.১ সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | ৩.১.১ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী উপকারভোগীর সংখ্যা | লক্ষ | ৯ | ০.৩৯ | ০.৯৪ | ১.৩০ | ১.১৭ | ১.০৪ | ০.৯১ | ০.৭৮ | ০.৮৫ | ০.৭০ |
| | | | ৩.১.২ উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | লক্ষ | ৯ | ০.৫৩ | ০.৬১ | ১.০৫ | ০.৯৫ | ০.৮৪ | ০.৭৪ | ০.৬৩ | ০.৭০ | ০.৬০ |
| | | ৩.২ পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান | ৩.২.১ স্থানীয় প্রশিক্ষণে অংশ গ্রহণকারীর সংখ্যা | জন | ২ | ৫৮৯ | ৬৪০ | ৬৫০ | ৫৮৫ | ৫২০ | ৪৫৫ | ৩৯০ | ৬৬০ | ৬৬০ |
| | | ৩.৩ পল্লী উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত অবহিতকরণ এবং বিদেশ প্রশিক্ষণ | ৩.৩.১বিদেশ প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা | জন | ২ | ২৪ | ৮ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩৫ | ৪০ |
| ৪. পল্লী উন্নয়নে নীতি কাঠামো শক্তিশালীকরণ | ৩ | ৪.১ সেমিনার, কর্মশালার মাধ্যমে প্রচার/বিস্তার | ৪.১.১ আয়োজিত সেমিনার, কর্মশালার সংখ্যা | টি | ৩ | ২২ | ১১ | ২৫ | ২২ | ২০ | ১৭ | ১৫ | ২৮ | ৩০ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষমাত্রার মান-২০১৫-১৬ () | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতিউত্তম (Very good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিচে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | তারিখ | ১ | ২৮এপ্রিল-২০১৬ | ৫ মে-২০১৬ | ১২ মে-২০১৬ | ১৯মে-২০১৬ | ২৬ মে-২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদেও প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ০১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সংকলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেনস চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চলুকৃত | তারিখ | ১ | ১ জুন-২০১৬ | ৮জুন-২০১৬ | ১৫ জুন-২০১৬ | ২২ জুন-২০১৬ | ২৯ জুন-২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন-২০১৬ | ৮জুন-২০১৬ | ১৫ জুন-২০১৬ | ২২ জুন-২০১৬ | ২৯ জুন-২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)- এর পক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
পল্লী ভবন, ৫-কাওরান বাজার, ঢাকা।

১৬.১০.২০১৫
তারিখ

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

১৩/১০/২০১৫
তারিখ

## সংযোজনী-১ঃ শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড |
| ২ | আইজিএ | ইনকাম জেনারেটিং এ্যাকটিভিটিজ |
| ৩ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোপজাল |

## সংযোজনী-২ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র কর্মসম্পাদন সূচকসমূহ এবং পদ্ধতি-এর বিবরণঃ

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.১ সমবায় সমিতি এবং অনানুষ্ঠানিক দলের মাধ্যমে জনগণকে সংগঠিত করা | ১.১.১ সমবায় সমিতির সংখ্যা | বিআরডিবি'র আওতাধীন সমবায় সমিতি আইন,২০০১ এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর আওতায় নিবন্ধিত সমিতিসমূহ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | বিআরডিবি কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবংএক নজরে বিআরডিবি'র কার্যক্রমের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন | বৃহৎপ্রকল্পের সমাপ্তি বা লক্ষ্য পূরণ হওয়ার প্রেক্ষিতে লক্ষমাত্রা হ্রাস বৃদ্ধি বা পরিবর্তন বিবেচ্য। |
| | ১.১.২ অনানুষ্ঠানিক দলের সংখ্যা | বিআরডিবি'র আওতাধীন সমবায় সমিতি আইনের আওতায় নিবন্ধিত নয় এমন অনুনুষ্ঠানিক সমিতি বা দল যার উপকারভোগীর। | | ঐ | |
| ১.২ সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের অতিরিক্ত কর্মসংস্থান সৃজন | ১.২.১ আত্নকর্মসংস্থান সৃজিত উপকারভোগীর সংখ্যা | চাহিদা ভিত্তিক আয়বর্ধনমূলক প্রশিক্ষণ এবং প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তার কার্যকর পরিবীক্ষণ ও তত্ত্বাবধান কৌশল প্রয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থানকৃত উপকারভোগী। | | ঐ | |
| | ১.২.২ বিতরণকৃত ঋণের পরিমান | প্রথাগত ও আইজিএ (আয়বর্ধনমূলক কার্যক্রম) ভিত্তিক মূলধন সহায়তা হিসেবে বিতরণকৃত ঋণ | | ঐ | |
| | ১.২.৩ আদায়কৃত ঋণের পরিমান | মূলধন সহায়তা হিসেবে ঋণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য বিতরণকৃত ঋণ আদায় করা হয় যা পুন: বিতরণ করা হয়। | | ঐ | |
| ১.৩ পল্লীর মহিলাদের আয়বর্ধনমূলক কর্মসূচি | ১.৩.১ আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত মহিলাদের সংখ্যা | মহিলাদের প্রশিক্ষণ ও আয়বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হয়। কার্যকর ব্যবস্থাপনার মাধ্যমে মহিলাদের আয়বর্ধনমূলক কাজে অংশগ্রহণ নিশ্চিত করা হয়। | | ঐ | |
| ১.৪ সমবায় সদস্যদের জন্য মূলধন গঠন | ১.৪.১ ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধনের পরিমাণ | উপকারভোগীদের নিজস্ব মূলধন সৃষ্টির লক্ষ্যে মাসিক/সাপ্তাহিক ভিত্তিতে সঞ্চয় জমা ও সমবায় সমিতির শেয়ার বিক্রির মাধ্যমে মূলধন সৃষ্টি করা হয়। | | ঐ | |
| ২.১ সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | ২.১.১ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী উপকারভোগীর সংখ্যা | কৃষি ও অকৃষি ক্ষেত্রে স্বল্প ও দীর্ঘমেয়াদী বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ। আয়বর্ধনমূলক প্রশিক্ষলের মধ্যে অন্যতম হলো জৈবসার তৈরী, সবজীবাগান, গবাদিপশু পালন, হাঁসমুরগী পালন, ব্লক/বাটিক, সেলাই, মোবাইল সার্ভিসিং, হস্ত ও কারুশিল্প ইত্যাদি। এক্ষেত্রে স্থানীয় চাহিদা ও উপযোগীতাকে গুরুত্ব দেয়া হয়। | | ঐ | চলমান প্রকল্পসমূহের সমাপ্তি, প্রকল্পের প্রশিক্ষনের লক্ষ্যমাত্র পুরন/হ্রাস বৃদ্ধি জনিত কারনে লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ পরিবর্তন হতে পারে। |
| | ২.১.২ উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন সচেতনতামূলক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণে অংশগ্রহণকারীর উপকারভোগীদের সংখ্যা, যেমনঃ নারী উন্নয়ন, বাল্যবিবাহ হ্রাস, যৌতুক না দেওয়া/না নেওয়া ইত্যাদি উল্লেখযোগ্য। | | ঐ | |
| ২.২ পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান | ২.২.১ স্থানীয় প্রশিক্ষণে অংশ গ্রহণকারীর সংখ্যা | কর্মকর্তা/কর্মচারীদের মৌলিক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণকারী | | ঐ | কর্মকর্তা কর্মচারীদের নিয়োগ ও বাজেটের উপর নীভরশীল |
| ২.৩ পল্লী উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত অবহিতকরণ এবং বিদেশ প্রশিক্ষণ | ২.৩.১বিদেশ প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩.১ সেমিনার, কর্মশালার মাধ্যমে প্রচার/বিস্তার | ৩.১.১ আয়োজিত সেমিনার, কর্মশালার সংখ্যা | বিআরডিবি ও এর প্রকল্পসমূহ কর্তক আয়োজিত সেমিনার কর্মশালা। | | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | |

## বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] পরিবর্তিত ফরম্যাটেমন্ত্রণালয়/ বিভাগের সিটিজেন চার্টার প্রণয়ন | [১.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/ বিভাগের সিটিজেন চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | | | | |
| | [১.১.২]মাঠপর্যয়ের দপ্তরসমূহে সিটিজেন চার্টার প্রণীত ও ওয়েবসাইটে প্রকাশিত | | | | |
| [১.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.২.১] অভিযোগ নিস্পত্তিকৃত | | | | |
| [১.৩] সেবা প্রক্রিয়ার উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [১.৩.১] মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থাসমূহের কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত। | | | | |
| | [১.৩.২] মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থাসমূহের কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত। | | | | |
| [২.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত। | | | | |
| [২.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধরিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | | | | |
| [২.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] অর্ধবার্ষিক ও ত্রৈবার্ষিক প্রতিবেদন দাখিলকৃত | | | | |
| [২.৪] আওতাধীন সংস্থার সংগে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [২.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (Monitoring Frame Work) প্রণীত | | | | |
| | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রম বাস্তবায়িত | | | | |
| [৪.১] তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নীতিমালা ওয়েবসাইটে প্রকাশিত | | | | |
| [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সংকলন ওয়েবসাইটে প্রকাশিত | | | | |
| [৪.৩] মন্ত্রণালয়/বিভাগে বার্ষিক প্রতিকেদন প্রেরণ | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | | | | |
| [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত। | | | | |
| [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তি কৃত। | | | | |

## সংযোজনী-৩ ঃ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সুচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রস্তাব |
|---|---|---|---|---|---|---|
| অধিদপ্তর | সমবায় অধিদপ্তর | ১.১.২ সমবায় সমিতির সংখ্যা | সমবায় সমিতির নিবন্ধন | বিধিবদ্ধ সংস্থা | ১০০% | |
| ব্যাংক | সোনালী ব্যাংক | ১. ঋণ বিতরণ | কৃষি ঋণের তহবিল যোগান | ব্যাংকিং প্লান | ১০০% | সরকার কর্তৃক ঘূর্ণায়মান পল্লী উন্নয়ন ঋণ তহবিল বরাদ্দ |